গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০১.২০২০.১৮৪ তারিখ: ২১ মাঘ ১৪২৬ / ০৪ ফেব্রুয়ারি ২০২০

**বিষয়: প্রাথমিক বিদ্যালয়ের স্টুডেন্টস কাউন্সিল গঠন ও নির্বাচন।**

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং প্রাগম/বিদ্যা-২/১৪ বিবিধ-৩৫/২০১০-২৮৩ তারিখ: ১৭/৫/২০১০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত উদ্দেশ্যকে সামনে রেখে ২০১০ সনে সারাদেশের ১৯টি জেলার ২০টি উপজেলার ১০০টি প্রাথমিক বিদ্যালয়ে সরাসরি নির্বাচনের মাধ্যমে স্টুডেন্টস কাউন্সিল গঠন করা হয়:

(১) শিশুকাল থেকে গণতন্ত্রের চর্চা এবং গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়া;
(২) অন্যের মতামতের প্রতি সহিষ্ণুতা এবং শ্রদ্ধা প্রদর্শন;
(৩) বিদ্যালয়ের শিখন শিখানো কার্যক্রমে শিক্ষকমন্ডলীকে সহায়তা করা;
(৪) বিদ্যালয়ে ১০০% ছাত্র ভর্তি ও ঝরে পড়া রোধে সহযোগিতা করা;
(৫) শিখন শেখানো কার্যক্রমে শিক্ষার্থীদের মাধ্যমে অভিভাবকদের সম্পৃক্ত করা;
(৬) বিদ্যালয়ের পরিবেশ উন্নয়ন কর্মকান্ডে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা।

২। স্টুডেন্টস কাউন্সিলের কার্যক্রম স্থানীয় জনসাধারণ, ছাত্রছাত্রী এবং শিক্ষকদের মাঝে বিপুল আগ্রহ ও উৎসাহ উদ্দীপনার সৃষ্টি করে। স্টুডেন্টস কাউন্সিলের কার্যক্রম ২০১০ সনের সাফল্যের ধারাবাহিকতায় ২০১১ সনে পূর্ববর্তী বছরের ১০০টি বিদ্যালয়সহ সকল মডেল প্রাথমিক বিদ্যালয়ে সুডেন্টস কাউন্সিল গঠনের নির্দেশনা প্রদান করা হলে সারাদেশে ৭৪১টি বিদ্যালয়ে সরাসরি নির্বাচনের মাধ্যমে স্টুডেন্টস কাউন্সিল গঠিত হয় এবং ২০১২ সনে সারাদেশে সর্বমোট ১৩,৫৮৩ টি বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়।

৩। স্টুডেন্টস কাউন্সিল এর কার্যক্রম বিস্তৃত করার লক্ষ্যে ২০১৩ সন থেকে সারাদেশের সকল উপজেলা/থানার সকল প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৫। এমতাবস্থায় তাঁর জেলার সকল উপজেলা/থানার সকল প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। এতদসংক্রান্ত কর্মপরিকল্পনা ও নির্বাচন তফসিল **(সংলগ্নি-১)** এবং স্টুডেন্টস কাউন্সিল ম্যানুয়াল এতদসংগে প্রেরণ করা হলো এবং সকল প্রতিবেদন ও তথ্য নির্ধারিত তারিখে ছক মোতাবেক ইমেইল ddestabdpe@gmail.com এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ১৬ পাতা।

মোঃ আতাউর রহমান
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
জেলা:................................।

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০১.২০২০.১৮৪(১১৪৯) তারিখ: ২১ মাঘ ১৪২৬ / ০৪ ফেব্রুয়ারি ২০২০

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:**

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।
৩। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।
৪। জেলা প্রশাসক (সকল), ...................................... জেলা।
৫। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ (বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা: ......................, জেলা: ......................।
৭। জনাব ............................................................ জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, .................... জেলা।
৮। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), উপজেলা/থানা: ......................, জেলা: ......................।
৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।
১০। অফিস কপি।

মোঃ আতাউর রহমান
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

# প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন ২০২০

## কর্মপরিকল্পনা

| | | | |
|---|---|---|---|
| ১। | উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা কর্তৃক প্রধান শিক্ষক ও এসএমসি'র সভাপতিগণকে অবহিতকরণ | : | ০৫-০৮ ফেব্রুয়ারি ২০২০ |
| ২। | বিদ্যালয় পর্যায়ে এসএমসি, শিক্ষক, অভিভাবক ও ছাত্র ছাত্রী সমন্বয়ে অবহিতকরণ সভা | : | ০৯-১০ ফেব্রুয়ারি ২০২০ |
| ৩। | নির্বাচন কমিশনার নিয়োগ | : | ১১ ফেব্রুয়ারি ২০২০ |
| ৪। | ভোটার তালিকা প্রকাশ ও নির্বাচনের তফসিল ঘোষণা | : | ১২ ফেব্রুয়ারি ২০২০ |

## নির্বাচন তফসিল

| | | | |
|---|---|---|---|
| ১। | মনোনয়ন আহবান | : | ১৩ ফেব্রুয়ারি ২০২০ |
| ২। | মনোনয়ন জমা | : | ১৬ ফেব্রুয়ারি ২০২০ |
| ৩। | মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | : | ১৭ ফেব্রুয়ারি ২০২০ |
| ৪। | মনোনয়নপত্র প্রত্যাহার এবং চুড়ান্ত তালিকা প্রকাশ | : | ১৮ ফেব্রুয়ারি ২০২০ |
| ৫। | ভোট গ্রহণ (সকাল ৯.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত) ও ফলাফল প্রকাশ | : | ২৩ ফেব্রুয়ারি ২০২০ |
| ৬। | নির্বাচন সংক্রান্ত প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণের সর্বশেষ তারিখ | : | ২৫ ফেব্রুয়ারি ২০২০ |

০৪/২/২০২০

'ছক-১'

# স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন ২০২০

## নির্বাচিত বিদ্যালয়ের তালিকা

(উপজেলা/থানার জন্য)

জেলা:

উপজেলা/থানা:

| ক্রমিক নং | বিদ্যালয়ের নাম |
| --- | --- |
| | |
| | |

উপজেলা/থানা শিক্ষা অফিসারের
স্বাক্ষর ও তারিখ

মোঃ মাহবুবুল আলম
সহকারী গবেষণা কর্মকর্তা

'ছক-২'

# স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন ২০২০

## ভোটার তালিকার ছক

বিদ্যালয়ের নামঃ ...................................., উপজেলা/থানাঃ ........................., জেলাঃ ..................,

| ক্রমিক নং | নাম | শ্রেণি | শাখা | রোল নম্বর | ভোটার নম্বর |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

প্রধান শিক্ষকের
স্বাক্ষর ও তারিখ

মোঃ মাহবুবুল আলম
সহকারী গবেষণা কর্মকর্তা

'ছক-৩'

# স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন ২০২০

## প্রার্থীর মনোনয়ন পত্রের ছক

বিদ্যালয়ের নাম: ........................................................,

উপজেলা/থানা: ........................... জেলা: .....................

আমি (নাম) ........................................, রোল নম্বর: ........................., শাখা: ................, শ্রেণি: ......................... আমাদের বিদ্যালয়ের স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন ২০২০ এ একজন প্রার্থী হিসেবে (নাম) ..................................................................., রোল নম্বর: .............., শাখা: ............................, শ্রেণি: ......................... কে প্রস্তাব করছি।

তারিখ:

স্বাক্ষর
নাম:
ভোটার নম্বর:

আমি (নাম) ........................................, রোল নম্বর: ........................., শাখা: ................, শ্রেণি: ......................... উপরের প্রস্তাব সমর্থন করলাম।

তারিখ:

স্বাক্ষর
নাম:
ভোটার নম্বর:

আমি (নাম) ........................................, রোল নম্বর: ........................., শাখা: ................, শ্রেণি: ......................... উপরের প্রস্তাব ও সমর্থনের প্রেক্ষিতে আমাদের বিদ্যালয়ের স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন ২০২০ এ একজন প্রার্থী হিসেবে আমার প্রার্থীতা ঘোষণা করলাম। আমি নির্বাচন সংক্রান্ত সকল নিয়ম মেনে চলবো এবং সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে সহযোগিতা করবো।

তারিখ:

স্বাক্ষর
নাম:
ভোটার নম্বর:

মোঃ মাহবুবুল আলম
সহকারী গবেষণা কর্মকর্তা

**কর্তৃপক্ষের ব্যবহারের জন্য**

এ মনোনয়নপত্র যাচাই বাছাই করে সঠিক ও বৈধ ঘোষণা করা হলো।

নির্বাচন কমিশনারের
স্বাক্ষর ও তারিখ

প্রধান শিক্ষকের
স্বাক্ষর ও তারিখ

'ছক-৬'

# স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন ২০২০
## ভোটের হিসাব

বিদ্যালয়ের নামঃ ........................................................

উপজেলা/থানাঃ ..........................................   জেলাঃ ....................................

| উপজেলা | বিদ্যালয়ের নাম | শ্রেণি | মোট ভোট সংখ্যা | প্রদত্ত ভোট | বৈধ ভোট | বাতিল ভোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | ৩য় | | | | | |
| | | ৪র্থ | | | | | |
| | | ৫ম | | | | | |
| | | ৩য় | | | | | |
| | | ৪র্থ | | | | | |
| | | ৫ম | | | | | |
| | | ৩য় | | | | | |
| | | ৪র্থ | | | | | |
| | | ৫ম | | | | | |
| | | ৩য় | | | | | |
| | | ৪র্থ | | | | | |
| | | ৫ম | | | | | |

নির্বাচন কমিশনারের
স্বাক্ষর ও তারিখ

প্রধান শিক্ষকের
স্বাক্ষর ও তারিখ

উপজেলা/থানা শিক্ষা অফিসারের
স্বাক্ষর ও তারিখ

মোঃ মাহবুবুল আলম
সহকারী গবেষণা কর্মকর্তা

'ছক-৭'

# স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন ২০২০

নির্বাচিত প্রার্থীদের তালিকা

................................ **প্রাথমিক বিদ্যালয়**

উপজেলা/থানাঃ ................................ জেলাঃ ................................

| শ্রেণি | নির্বাচিত প্রার্থীর নাম | | শাখা | রোল নম্বর | প্রাপ্ত ভোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| তৃতীয় | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ... | | | | | |
| চতুর্থ | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ... | | | | | |
| পঞ্চম | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ... | | | | | |

নির্বাচন কমিশনারের
স্বাক্ষর ও তারিখ

প্রধান শিক্ষকের
স্বাক্ষর ও তারিখ

উপজেলা/থানা শিক্ষা অফিসারের
স্বাক্ষর ও তারিখ

মোঃ মাহবুবুল আলম
সহকারী গবেষণা কর্মকর্তা

'ছক-৮'

# স্টুডেন্টস কাউন্সিল ২০২০

## নির্বাচিত প্রতিনিধিদের মধ্যে কর্মবন্টনের ছক

...................... বিদ্যালয়

উপজেলা/থানা: .......................... জেলা: ..........................

| শ্রেণী | নির্বাচিত সদস্যের নাম | | শাখা | রোল নম্বর | যে বিষয়ে দায়িত্বপ্রাপ্ত | ১ম সভা অনুষ্ঠানের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| তৃতীয় | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ... | | | | | |
| চতুর্থ | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ... | | | | | |
| পঞ্চম | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ... | | | | | |

স্টুডেন্টস কাউন্সিল প্রধান প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ

প্রধান শিক্ষকের স্বাক্ষর ও তারিখ

উপজেলা/থানা শিক্ষা অফিসারের স্বাক্ষর ও তারিখ

মোঃ মাহবুবুল আলম
সহকারী গবেষণা কর্মকর্তা

**'ছক-৯'**

# স্টুডেন্টস কাউন্সিল ২০২০

বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন

........................ বিদ্যালয়

উপজেলা/থানাঃ ............................ জেলাঃ ............................

| ক্রমিক নং | বিষয় | কর্মের বিবরণ | দায়িত্ব | কর্ম সমাপ্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

স্টুডেন্টস কাউন্সিল প্রধান প্রতিনিধির
স্বাক্ষর ও তারিখ

প্রধান শিক্ষকের
স্বাক্ষর ও তারিখ

**'ছক-১০'**

# স্টুডেন্টস কাউন্সিল ২০২০

সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করার ছক

........................ বিদ্যালয়

উপজেলা/থানাঃ ............................ জেলাঃ ............................

| ক্রমিক নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|
| | | | |
| | | | |

স্টুডেন্টস কাউন্সিল প্রধান প্রতিনিধির
স্বাক্ষর ও তারিখ

প্রধান শিক্ষকের
স্বাক্ষর ও তারিখ

মোঃ মাহবুবুল আলম
সহকারী গবেষণা কর্মকর্তা

**'ছক-৪'**

(ব্যালট পেপার এর নমুনা)

ব্যালট পেপার

স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন ২০২০

........................ বিদ্যালয়

উপজেলা: .............. জেলা: ................

(অফিসের জন্য)

সীল

নির্বাচনের তারিখ: ____________________

ভোটারের নম্বর: ____________________

ভোটারের নাম: ____________________

শ্রেণি: ____________________

শাখা: ____________________

রোল নম্বর: ____________________

ভোটারের স্বাক্ষর

প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর

মোঃ মাহবুবুল আ...
সহকারী গবেষণা ক...

ব্যালট পেপার

স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন ২০২০

........................ বিদ্যালয়

উপজেলা: ............................... জেলা: .................

| শ্রেণি | | প্রার্থীর নাম | শাখা | রোল নম্বর | ভোটার নম্বর | প্রদত্ত ভোট (✓) |
|---|---|---|---|---|---|---|
| তৃতীয় | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ৩ | | | | | |
| | ... | | | | | |
| চতুর্থ | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ৩ | | | | | |
| | ... | | | | | |
| পঞ্চম | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ৩ | | | | | |
| | ... | | | | | |

একজন ভোটার সর্বোচ্চ ৭টি ভোট দিতে পারবে। তন্মধ্যে প্রতি শ্রেণিতে ২টি করে এবং যেকোন ১টি শ্রেণিতে সর্বোচ্চ ৩টি ভোট দিতে পারবে।

মোঃ মাহবুবুল আলম
সহকারী গবেষণা কর্মকর্তা

'ছক-৫'

# স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন ২০২০

মনোনয়নপত্র বিতরণ, জমা, বাছাই ও প্রত্যাহার এবং চূড়ান্ত প্রার্থীর সংখ্যা

উপজেলা/থানা: ................................ জেলা: ................................

| ক্র: নং: | বিদ্যালয়ের নাম | মনোনয়পত্র বিতরণ | | | | মনোনয়নপত্র জমা | | | | বাছাইয়ে বাতিল ও প্রত্যাহার | | | | চূড়ান্ত প্রার্থীর সংখ্যা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ৫ম শ্রেণি | মোট | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ৫ম শ্রেণি | মোট | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ৫ম শ্রেণি | মোট | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ৫ম শ্রেণি | মোট | |
| (১) | | | | | | | | | | | | | | | | | | |
| (২) | | | | | | | | | | | | | | | | | | |
| (৩) | | | | | | | | | | | | | | | | | | |
| (৪) | | | | | | | | | | | | | | | | | | |
| (৫) | | | | | | | | | | | | | | | | | | |

মন্তব্য (যদি থাকে):

তারিখ: ..................................

প্রধান নির্বাচন কমিশনারের
স্বাক্ষর ও তারিখ

প্রধান শিক্ষকের
স্বাক্ষর ও তারিখ

উপজেলা/থানা শিক্ষা অফিসারে
স্বাক্ষর ও তারিখ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

# প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল ম্যানুয়াল

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

# প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল ম্যানুয়াল

বিদ্যালয়ে ছাত্র ভর্তি বৃদ্ধি, ঝরে পড়া রোধ, শিক্ষার মানবৃদ্ধি ও উন্নয়নমূলক কর্মকান্ডে ছাত্রছাত্রীদের সম্পৃক্ত করা যেতে পারে। বিভিন্ন উন্নয়নশীল দেশে বিদ্যালয় আঙিনা পরিষ্কার, খাবার পানি সংগ্রহ, আসন বিন্যাস, স্বাস্থ্য উন্নয়ন, শিক্ষা উপকরণ সরবরাহ, বিদ্যালয়ে বাগান তৈরি ও পরিবেশ উন্নয়নসহ বিতর্ক আয়োজন এবং ক্রীড়া ও সংস্কৃতিমূলক কর্মকান্ডে Students Council বিশেষ ভূমিকা রেখে থাকে। শিক্ষার্থীদের সম্মিলিত তৎপরতার স্থানীয় জনপ্রতিনিধির নিকট থেকে বিদ্যালয়ের জন্য প্রয়োজনীয় সম্পদ ও সেবা সংগ্রহ করা সম্ভব। Students Council এর সহায়তায় ছাত্রছাত্রীদেরকে বিদ্যালয়মূখী করার জন্য উদ্বুদ্ধকরণ সভা, হোম ভিজিট ও অভিভাবকগণের সাথে যোগসূত্র স্থাপন সম্ভব। একই সাথে স্থানীয় পর্যায়ে শিক্ষা উন্নয়ন এবং খেলার সরঞ্জামাদি সংগ্রহে শিক্ষার্থীরা ভূমিকা পালন করতে পারে। নির্বাচনের মাধ্যমে Students Council গঠিত হওয়ার পরেই নির্বাচিত প্রতিনিধিরা নিজেদের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে চাহিদার ভিত্তিতে সাংবাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করবে এবং এ লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতার উৎসসমূহ চিহ্নিত করবে। অনুরূপ চর্চার মাধ্যমে তারা ভবিষ্যত পরিকল্পনা প্রণয়ন কার্যক্রম সম্পর্কে অবহিত হবে। এর মাধ্যমে শিক্ষার্থীগণ শিশুকাল থেকে গণতন্ত্রের চর্চা ও গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হয়ে উঠবে। এ লক্ষ্যে বিদ্যালয়ের যে সকল কার্যক্রমে শিক্ষার্থীরা ভূমিকা রাখতে পারে সে সব ক্ষেত্রে তাদের সম্পৃক্ত করা যেতে পারে। প্রাথমিকভাবে পরিবেশ সংরক্ষণ, পুস্তক ও শিখন সামগ্রী, স্বাস্থ্য, ক্রীড়া ও সংস্কৃতি, পানি সরবরাহ/সংগ্রহ, বৃক্ষরোপন ও বাগান তৈরি এবং অভ্যর্থনা ও আপ্যায়ন ক্ষেত্রে তাদেরকে সম্পৃক্ত করা যেতে পারে।

উপরিউক্ত বিষয়াদি বিবেচনায় ২০১০ সনে সারাদেশে ২০টি উপজেলার ১০০টি প্রাথমিক বিদ্যালয়ে সরাসরি নির্বাচনের মাধ্যমে স্টুডেন্টস কাউন্সিল গঠন করা হয়। ২০১০ সনে প্রথম বারের মতো নির্বাচিত স্টুডেন্টস্ কাউন্সিলের সার্বিক কার্যক্রমে শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলের মাঝে ব্যাপক আগ্রহ এবং উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি হয়। এরই ধারাবাহিকতায় ২০১১ সনে পূর্ববর্তী বছরের ১০০ বিদ্যালয়সহ প্রতি উপজেলার মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচনের আয়োজন করা হয়। ২০১১ সনে ৭৪৩টি বিদ্যালয়ে এবং ২০১২ সালে সারাদেশে সর্বমোট ১৩,৫৮৩ টি বিদ্যালয়ে একযোগে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়। ২০১৩ সালে ৪৬,৭৭৩ টি বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়। ২০১৪ সালে ৬১,১৯১টি বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল গঠিত হয়েছে। স্টুডেন্টস কাউন্সিল এর সাফল্যজনক কর্মকান্ডের ধারাবাহিকতায় পর্যায়ক্রমে দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

**২। স্টুডেন্টস কাউন্সিল (Students Council) গঠনের উদ্দেশ্যে:**

২.১ শিশুকাল থেকে গণতন্ত্রের চর্চা এবং গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়া।
২.২ অন্যের মতামতের প্রতি সহিষ্ণুতা এবং শ্রদ্ধা প্রদর্শন।
২.৩ বিদ্যালয়ের শিখন শিখানো কার্যক্রমে শিক্ষকমন্ডলীকে সহায়তা করা।
২.৪ বিদ্যালয়ে ১০০% ছাত্র ভর্তি ও ঝরে পড়া রোধে সহযোগিতা করা।
২.৫ শিখন শেখানো কার্যক্রমে শিক্ষার্থীদের মাধ্যমে অভিভাবকদের সম্পৃক্ত করা।
২.৬ বিদ্যালয়ের পরিবেশ উন্নয়ন কর্মকান্ডে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা।

৩। **স্টুডেন্টস কাউন্সিল গঠন:**

৩.১ প্রত্যেক প্রাথমিক বিদ্যালয়ে একটি স্টুডেন্টস কাউন্সিল গঠন করা যাবে;

৩.২ ছাত্রছাত্রীদের সরাসরি ভোটে নির্বাচিত প্রত্যেক স্টুডেন্টস কাউন্সিল এ ৭ জন নির্বাচিত প্রতিনিধি থাকবে। তন্মধ্যে ৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণিতে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা নির্বাচনে প্রার্থী হবে এবং ৩য় থেকে ৫ম শ্রেণি পর্যন্ত প্রতি শ্রেণি থেকে কমপক্ষে ২জন করে প্রতিনিধি নির্বাচিত হবে;

৩.৩ স্টুডেন্টস কাউন্সিল এর প্রথম সভায় প্রতিটি শ্রেণিকক্ষ (১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি) থেকে ২ জন করে সহযোগি সদস্য মনোনীত করবে। তারা নির্বাচিত প্রতিনিধিকে যাবতীয় সহায়তা প্রদান করবে। সহযোগি প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে জেন্ডার ব্যালেন্স রক্ষা করতে হবে। তাদের ভোটিং ক্ষমতা থাকবেনা;

৩.৪ স্টুডেন্টস কাউন্সিল এর মেয়াদ ১ বৎসর হবে এবং প্রতি বছর জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে স্টুডেন্টস কাউন্সিল এর নির্বাচন অনুষ্ঠিত হবে; এবং

৩.৫ নির্বাচিত প্রতিনিধিগণের একজন প্রধান প্রতিনিধি হিসেবে মনোনীত হবে। স্টুডেন্টস কাউন্সিল এর ১ম সভায় নির্বাচিত প্রতিনিধিগণ প্রধান প্রতিনিধি মনোনয়ন করবে।

৪। **ভোটার ও ভোটার তালিকা:**

প্রধান শিক্ষক নির্বাচনের কমপক্ষে ১০ দিন পূর্বে ভোটার তালিকা প্রস্তুত ও প্রকাশ করবেন। ৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণিতে ভর্তিকৃত ছাত্রছাত্রীরা ভোটার বলে গণ্য হবে।

৫। **নির্বাচন কমিশনার:**

৫.১ প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষকগণ কর্তৃক যৌথভাবে মনোনীত ৫ম শ্রেণির ১জন ছাত্র বা ছাত্রী নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করবে; এবং

৫.২ নির্বাচন কমিশনার প্রধান শিক্ষকের উপদেশ ও পরামর্শ নিয়ে নির্বাচন সংক্রান্ত যাবতীয় দায়িত্ব পালন করবে।

৬। **প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার:**

নির্বাচন কমিশনার প্রধান শিক্ষকের পরামর্শ নিয়ে প্রতি ভোট কক্ষে (বুথে) ভোটারদের মধ্যে থেকে একজন প্রিজাইডিং অফিসার ও দুইজন পোলিং অফিসার নিয়োগ করবে। তারা ভোট গ্রহণের দিন নির্ধারিত সময়ে সুষ্ঠুভাবে ভোট গ্রহণ ও গণনার দায়িত্ব পালন করবে।

৭। **শৃংখলা:**

নির্বাচন কমিশনার প্রধান শিক্ষকের পরামর্শ নিয়ে নির্বাচনের দিন নির্বাচন সংক্রান্ত শৃংখলা রক্ষায় ছাত্রছাত্রীদের দায়িত্ব প্রদান করবে। দায়িত্বপ্রাপ্ত ছাত্রছাত্রীরা শৃংখলা রক্ষায় সচেষ্ট থাকবে। সকল শিক্ষক বিষয়টি মনিটরিং করবেন।

৮। **নির্বাচন তফসিল:**

অধিদপ্তর থেকে প্রেরিত নির্বাচন তফসিল অনুসরণে নির্বাচন কমিশনার প্রধান শিক্ষকের পরামর্শ নিয়ে নির্বাচন তফসিল প্রস্তুত ও প্রকাশ করবে।

৯। **প্রার্থীর যোগ্যতা ও মনোনয়নপত্র দাখিল:**

৩য় থেকে ৫ম শ্রেণিতে অধ্যয়নরত ও ভোটারতালিকাভূক্ত ছাত্রছাত্রী নির্বাচনে প্রার্থী হিসেবে যোগ্য হবে এবং প্রার্থীতা ঘোষণা করে নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে।  নির্বাচন তফসিলে বর্ণিত তারিখে নির্ধারিত মনোনয়ন পত্রে আগ্রহী প্রার্থীগণ নির্বাচনে অংশগ্রহণের জন্য প্রার্থীতা ঘোষণা করতে পারবে।

**১০। মনোনয়নপত্র গ্রহণ ও বাছাই:**

নির্বাচন কমিশনার আগ্রহী প্রার্থীদের দাখিলকৃত মনোনয়নপত্র গ্রহণ করবে এবং নির্ধারিত তারিখে তা বাছাই করে চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ করবে। এ বিষয়ে প্রধান শিক্ষক ও শিক্ষকগণ পরামর্শ ও সহায়তা প্রদান করবেন।

**১১। নির্বাচন প্রতীক:**

নির্বাচনে কোন প্রতীক/মার্কা ব্যবহার করা যাবে না।

**১২। প্রচার:**

নির্বাচন প্রচারণায় কোন রকম ছাপানো/মূদ্রিত পোস্টার, ফেস্টুন, লিফলেট ব্যবহার করা যাবে না। ছাত্রছাত্রীদের হাতে লিখা পোস্টার, ফেস্টুন, লিফলেট ব্যবহার করা যাবে।

**১৩। স্টুডেন্টস কাউন্সিলের সভা:**

১৩.১ স্টুডেন্টস কাউন্সিল প্রতিমাসে কমপক্ষে একবার সভা করবে। সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে শিক্ষকগণ কোনরূপভাবে প্রভাব বিস্তার করতে পারবেন না। তাঁরা শুধুমাত্র সহায়কের ভূমিকা পালন করবেন। নির্বাচনের ৭ (সাত) দিনের মধ্যে প্রথম সভা করতে হবে। প্রথম সভায় স্টুডেন্টস কাউন্সিল এর প্রধান নির্বাচন, কর্মবন্টন, সহযোগি সদস্য মনোনয়ন এবং সাংবাৎসরিক কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং সকল নির্বাচিত প্রতিনিধি এতে স্বাক্ষর করবেন;

১৩.২ নির্বাচন কমিশনারের সভাপতিত্বে প্রথম সভা শুরু হবে। প্রধান প্রতিনিধি নির্বাচনের পর তার সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হবে।

১৩.৩ বিশেষ জরুরী প্রয়োজনে স্টুডেন্টস কাউন্সিল প্রধান বিশেষ সভা আহ্বান করতে পারবে;

১৩.৪ ভিন্নরূপ মতামতের ক্ষেত্রে সংখ্যা গরিষ্ঠতার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে; এবং

১৩.৫ প্রতি ৬ মাস পর সাধারণ ছাত্রছাত্রীদের উপস্থিতিতে স্টুডেন্টস কাউন্সিল এর সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় ছাত্রছাত্রীগণ নির্বাচিত প্রতিনিধিদের কর্মকান্ড সম্পর্কে মতামত দেবে। যে সকল প্রতিনিধি দায়িত্ব পালনে ব্যর্থ/অপারগ হবে তারা পদত্যাগ করবে। এক্ষেত্রে প্রধান শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

১৩.৬ পদত্যাগ বা অন্যকোন কারণে নির্বাচিত প্রতিনিধির পদ শূন্য হলে অধিক ভোটপ্রাপ্ত পরবর্তী প্রার্থীকে স্টুডেন্টস কাউন্সিলের সদস্য অন্তর্ভূক্ত করতে হবে।

**১৪। স্টুডেন্টস কাউন্সিলের কর্মক্ষেত্র ও দায়িত্ব বণ্টন:**

১৪.১ বিদ্যালয়ের প্রধান ৭টি কার্যক্রমের দায়িত্বে নির্বাচিত ৭জন প্রতিনিধি থাকবে। দায়িত্বের ক্ষেত্র/কার্যক্রমসমূহ নিম্নরূপ:

(১) পরিবেশ সংরক্ষণ (বিদ্যালয়, আঙ্গিনা ও টয়লেট পরিস্কার এবং বর্জ্য ব্যবস্থাপনা);
(২) পুস্তক এবং শিখন সামগ্রী;
(৩) স্বাস্থ্য;
(৪) ক্রীড়া ও সংস্কৃতি;
(৫) পানি সম্পদ;
(৬) বৃক্ষ রোপন ও বাগান তৈরি ইত্যাদি;
(৭) অভ্যর্থনা ও আপ্যায়ন।

বিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বিদ্যালয়ের চাহিদা এবং প্রয়োজনের নিরিখে নতুন কার্যক্রম সংযুক্ত করতে পারবে। তবে এ ক্ষেত্রে সর্বমোট পোর্টফলিও-র সংখ্যা ৭ এর বেশি হবে না।

১৪.২ ঐক্যমতের ভিত্তিতে প্রধান প্রতিনিধি নির্বাচিত প্রতিনিধিবর্গের মধ্যে দায়িত্ব ও কর্ম এলাকা বন্টন করবে। এক্ষেত্রে প্রধান শিক্ষক যথোপযুক্ত সহায়তা দেবেন; এবং

১৪.৩ প্রত্যেক প্রতিনিধি তার কর্মকান্ড সম্পর্কে একটি নোট বই/রেজিস্টার এ রেকর্ড করবেন এবং আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করবে।

**১৫। ব্যালট পেপার:**

অধিদপ্তর থেকে সরবরাহকৃত নমুনা ব্যালট পেপার অনুসারে ব্যালট পেপার প্রস্তুত করে ভোটারদের দিতে হবে।

**১৬। ব্যালট বাক্স:**

উপজেলা/থানা নির্বাচন অফিস থেকে ব্যালট বাক্স সংগ্রহ করা যেতে পারে। শক্ত কাগজ (করোগেটেড পেপার/হার্ড পেপার) দিয়ে ব্যালট বাক্স তৈরি করা যেতে পারে।

**১৭। ভোট গ্রহণ:**

নির্বাচন তফসিলে নির্ধারিত দিন সকাল ৯:০০ থেকে বিকাল ১:০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ চলবে।

**১৮। ভোটাধিকার প্রয়োগ:**

১৮.১ ভোটারগণ ব্যালট পেপারে প্রার্থীর নামের পাশে টিক (✓) চিহ্ন দিয়ে ভোটাধিকার প্রয়োগ করবে;

১৮.২ একজন ভোটার সর্বোচ্চ ৭টি ভোট দিতে পারবে। তন্মধ্যে প্রতি শ্রেণিতে ২টি করে এবং যেকোন এক শ্রেণিতে সর্বোচ্চ ৩টি ভোট দিতে পারবে।

**১৯। পোলিং এজেন্ট:**

নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী প্রতি ভোট কক্ষে (Polling Booth) একজন করে পোলিং এজেন্ট মনোনীত করতে পারবে। নির্বাচনের পূর্বদিন মনোনীত এজেন্টদের নাম নির্বাচন কমিশনারের নিকট জমা দিতে হবে। অন্যথায় নির্বাচন কমিশনার প্রধান শিক্ষকের পরামর্শ নিয়ে প্রতি ভোটকক্ষে প্রতি শ্রেণি থেকে ২ জন করে ছাত্রছাত্রী নির্বাচন করে পোলিং এজেন্ট নিয়োগ করবে। পোলিং এজেন্ট ভোট গ্রহণ কাজে সহায়তা করবে।

**২০। ভোট কেন্দ্র ও ভোট কক্ষ:**

স্টুডেন্টস কাউন্সিলের জন্য নির্বাচিত বিদ্যালয় ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে। প্রধান শিক্ষকের পরামর্শ নিয়ে প্রয়োজনীয় সংখ্যক ভোট কক্ষ স্থাপন করতে হবে। ভোট কক্ষে গোপনীয়তার সাথে ভোট প্রদানের ব্যবস্থা করতে হবে।

**২১। <u>প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকের দায়িত্ব:</u>**

স্টুডেন্টস কাউন্সিল গঠন, নির্বাচন এবং এতদসংক্রান্ত কার্যক্রমে সকল শিক্ষক প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবেন। এক্ষেত্রে প্রধান শিক্ষক একজন সহকারী শিক্ষককে সমন্বয়কারী হিসেবে নিয়োগ দিতে পারবেন।

**২২। বিবিধ:**

২২.১ স্টুডেন্টস কাউন্সিল এর সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে স্কুল ব্যবস্থাপনা কমিটি এবং স্থানীয় জনগণের কাছ থেকে প্রয়োজনীয় সহায়তা গ্রহণ করা যাবে।

২২.২ ব্যালট পেপার ও নির্বাচন সংক্রান্ত রিপোর্ট রিটার্ণের ক্ষেত্রে নিম্নলিখিত নমুনা ফরমেট ব্যবহার করতে হবে:

(১) স্টুডেন্ট কাউন্সিলের জন্য নির্বাচিত বিদ্যালয়ের তথ্য প্রেরণের ছক (ছক-১ ) সন্নিবেশিত।

(২) ভোটার তালিকার ছক (ছক-২) সন্নিবেশিত।

(৩) প্রার্থীর মনোনয়ন পত্রের ছক (ছক-৩) সন্নিবেশিত।

(৪) ব্যালট পেপারের নমুনা ছক (ছক-৪) সন্নিবেশিত।

(৫) মনোনয়নপত্র বিতরণ, জমা, বাছাই ও প্রত্যাহার এবং চূড়ান্ত প্রার্থীর সংখ্যা প্রেরণের ছক (ছক ৫)

(৬) ভোটের হিসাব ছক (ছক-৬) সন্নিবেশিত।

(৭) নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রেরণের ছক (ছক - ৭) সন্নিবেশিত।

(৮) নির্বাচিত প্রতিনিধিদের মধ্যে কর্মবন্টন তালিকা ছক (ছক-৮) সন্নিবেশিত।

(৯) স্টুডেন্টস কাউন্সিল কর্তৃক সাংবাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন ছক (ছক-৯) সন্নিবেশিত।

(১০) সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করার ছক (ছক-১০) সন্নিবেশিত।

০৪/২/২০২০

মোঃ আতাউর রহমান
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০১.২০২০.১৮৫ (১১৪৯)

তারিখ: ২১ মাঘ ১৪২৬
০৪ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।
৩। পরিচালক (সকল)/সিস্টেম ম্যানেজার, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।
৪। জেলা প্রশাসক (সকল), ......................................... জেলা।
৫। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ (বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলাঃ ......................., জেলাঃ ....................... ।
৭। জনাব ................................................................ জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ..................... জেলা।
৮। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), উপজেলা/থানাঃ ......................., জেলাঃ ....................... ।
৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।
১০। অফিস কপি।

০৪/২/২০২০

মোঃ আতাউর রহমান
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)